গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৫৯৮ তারিখঃ ১০/১২/২০২৩খ্রি:

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | **কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৭০,<br>**৬৪টি জেলা (৭১টি কেন্দ্র) :**<br>ঢাকা-৬টি, গাজীপুর-২টি, চট্টগ্রাম-২টি এবং অবশিষ্ট ৬১টি জেলায় ৬১টি কেন্দ্র। | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০২. | **প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০,<br>**৫টি বিভাগীয় শহরে ৬টি কেন্দ্র**<br>ঢাকা-০২টি, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল-০১টি কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৩. | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৫৯টি জেলায় ৬০টি কেন্দ্রঃ**<br>খাগড়াছড়ি, কক্সবাজার, মৌলভীবাজার, পিরোজপুর ও কুমিল্লা ব্যতিত ৫৯টি জেলায় ৬০টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৪. | **ইলেকট্রনিক্স (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৬২টি জেলায় ৬৩ টি কেন্দ্রঃ**<br>ব্রাহ্মণবাড়িয়া ও রাঙ্গামাটি ব্যতিত ৬২টি জেলায় ৬৩টি কেন্দ্র, (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৫. | **রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস(০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>**৫৬টি জেলায় ৫৭টি কেন্দ্রঃ**<br>বান্দরবান, চাঁদপুর, পটুয়াখালী, ভোলা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, হবিগঞ্জ ও সুনামগঞ্জ ব্যতীত ৫৬টি জেলায় ৫৭টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৬. | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০)<br>**২৫টি জেলায় ৩০ টি কেন্দ্রঃ**<br>ঢাকা-৪টি, রাজশাহী-২টি, খুলনা-২টি, মাদারীপুর, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, , চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, বগুড়া, , যশোর, সাতক্ষীরা, বরিশাল পিরোজপুর, পটুয়াখালী, কুষ্টিয়া, চট্টগ্রাম, নোয়াখালী, কুমিল্লা, ফেনী, ও কুড়িগ্রাম জেলা কার্যালয় ০১টি কেন্দ্র) | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৬ ডিসেম্বর, ২০২৩ স্ব-স্ব জেলাকার্যালয় |

পাতা/২

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | **"পোষাক তৈরি", (অনাবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২৪),<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫<br>**৬২ জেলায় ৬৮টি কেন্দ্রঃ**<br>মৌলভীবাজার ও কক্সবাজার ব্যতিত ৬২টি জেলায় ৬৮টি কেন্দ্র (ঢাকা-৬টি, গাজীপুর-২টি) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৮. | **"ওভেন সুইং মেশিন অপারেটিং", (অনাবাসিক)**<br>মেয়াদ-০২ মাস (০১ জানুয়ারি হতে ২৯ ফেব্রুয়ারি, ২০২৪) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০ জন<br>**০৩টি জেলায় ০৩টি কেন্দ্র**<br>ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৯. | **ক্যাটারিং (আবাসিক)**<br>মেয়াদ-৬ মাস (০১ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২৪), আসন সংখ্যা-৩০ ,<br>**০২টি জেলায় ০২টি কেন্দ্র**<br>খুলনা জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা। | ১০০০/- | এস,এস,সি শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১০. | **হস্তশিল্প (অনাবাসিক)**<br>মেয়াদ-০১ মাস (০১-৩১ জানুয়ারি, ২০২৪) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০ জন<br>**৩৮টি জেলায় ৩৯টি কেন্দ্র:**<br>(ঢাকা-২টি, গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, মুন্সিগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, কিশোরগঞ্জ, জামালপুর, ঠাকুরগাঁও, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, খুলনা, যশোর, বাগেরহাট, মাগুরা, বরিশাল, ঝালকাঠী, বরগুনা, পটুয়াখালী, ভোলা,কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, খাগড়াছড়ি, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম, পঞ্চগড়, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর ও সিলেট জেলা কার্যালয়)। | ১০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১১. | **ফ্রন্ট ডেস্ক ম্যানেজমেন্ট (অনাবাসিক)**<br>মেয়াদ-০২ মাস (০১-৩১ জানুয়ারি, ২০২৪) (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ জন<br>**০২টি জেলায় ০২টি কেন্দ্র** (ঢাকা ও গাজীপুর জেলা কার্যালয়) | ৫০০/- | এস,এস,সি শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১২. | **টুরিষ্ট গাইড (অনাবাসিক)**<br>মেয়াদ-০১ মাস (০১ -৩১ জানুয়ারি, ২০২৪) (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ জন<br>**০১টি জেলায় ০১টি কেন্দ্র** (কক্সবাজার জেলা কার্যালয়) | ৫০০/- | এস,এস,সি শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১৩. | **হাউজকিপিং এন্ড লন্ড্রি অপারেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-০৩ মাস (০১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০২৪) (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ জন<br>**০১টি জেলায় ০১টি কেন্দ্র**<br>ঢাকা জেলা কার্যালয় | ৫০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১৪. | **মৎস্য চাষ (অনাবাসিক)**<br>মেয়াদ-০১ মাস (০১ -৩১ জানুয়ারি, ২০২৪) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন<br>**৫৩ জেলায় ৫৩ টি কেন্দ্র :**<br>দিনাজপুর, বরগুনা, মৌলভীবাজার, লক্ষীপুর, কক্সবাজার, হবিগঞ্জ, চাঁদপুর, ভোলা, সাতক্ষীরা, বান্দরবান ও পিরোজপুর ব্যতীত অবশিষ্ট ৫৩টি জেলায় ৫৩টি কেন্দ্র: | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |
| ১৫. | **ইলেক্ট্রিক্যাল অ্যান্ড হাউজওয়্যারিং ও সোলার সিস্টেম/আইপিএস, ইউপিএস ও স্ট্যাবিলাইজার প্রস্তুত এবং প্রতিস্থাপন (অনাবাসিক)**<br>মেয়াদ-০১ মাস (০১ -৩১ জানুয়ারি, ২০২৪) (অনাবাসিক)<br>প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন<br>**১১ জেলায় ১১টি কেন্দ্র:**<br>ঢাকা, গাজীপুর, রংপুর, দিনাজপুর, কুষ্টিয়া, রাজশাহী, বরিশাল, সিলেট, কিশোরগঞ্জ, লক্ষীপুর ও ব্রাহ্মনবাড়ীয়া জেলা কার্যালয়। | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৭ ডিসেম্বর, ২০২৩<br>স্ব-স্ব জেলাকার্যালয় |

পাতা/৩

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ ডিসেম্বর, ২০২৩খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জানুয়ারি, ২০২৪খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অথবা জন্ম নিবন্ধন সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা (০৯) জাতীয়তা, (১০) শিক্ষাগত যোগ্যতা (১১) ধর্ম (১২) লিঙ্গ (১৩) মোবাইল নম্বর (১৪) বিকল্প মোবাইল নম্বর (১৫) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৬) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৭) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) **এটুআই (a2i) এর সাথে যৌথভাবে NiSE ভুক্ত ২৭ জেলা (ঢাকা, খুলনা , রাজশাহী, ময়মনসিংহ, বগুড়া, যশোর, বান্দরবান, মৌলভীবাজার, জয়পুরহাট, পিরোজপুর, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, সিলেট, চট্টগ্রাম, রংপুর, বরিশাল, গাজীপুর, শরীয়তপুর, কুমিল্লা, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ভোলা, শেরপুর, ঝিনাইদহ, বাগেরহাট, মেহেরপুর) শুধুমাত্র অনলাইনে https://dyd.nise.gov.bd/courses লিংকে গিয়ে আবেদন করতে হবে।**

চ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ছ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক/কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

জ) দূরবর্তী স্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লিখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।

ঝ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংগে আনতে হবে।

ঞ) **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।**

ট) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ঠ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ঢ) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

(ঘ) প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

(ঙ) তাত্ত্বিক ক্লাশগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

(চ) ক্রমিক নং **১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ও ২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন বিষয়ক কোর্স** ব্যতিত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।

(ছ) ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

২০.১২.২০২৩

(খোন্দকার মোঃ রুহুল আমীন)
(যুগ্মসচিব)
পরিচালক(প্রশিক্ষণ)
ফোন: ০২-২২৩৩৮০৭০৩
E-mail: dirtraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৫৯৮ তারিখ: ১০/১২/২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। মাননীয় প্রতিমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। যুগ্মসচিব (যুব) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (যুব) মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৬। **উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর -------------------------(সকল)জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণিসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং নিবন্ধিত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় বাধ্যতামূলকভাবে সংরক্ষণ ও ডাটাবেজ তৈরি করতে হবে।**

০৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(১০টি কেন্দ্র)।

০৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(৫৪টি কেন্দ্র)।

০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১১। অফিস কপি।

২০.১২.২০২৩

(ফারিহা নিশাত)
উপপরিচালক (প্রশিক্ষণ-২)
ফোন নং ০২২২৩৩৫৮৩৭৫।
E-mail: ddtraining@dyd.gov.bd